

শিক্ষক সমিতি
বাজেটে শিক্ষকদের
বেতন ভাতা ১০০%
নিশ্চিত করার আহ্বান

শিক্ষক বার্তা পরিবেশক : বাংলাদেশ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী চলতি বাজেটে ১০০% বেতন ভাতার ঘোষণাসহ গত সরকারের সময় শ্রীত শিক্ষা বার্ষিকবিত্তী ৯ দফা বাতিলের দাবি জানিয়েছেন। গতকাল এক সংবাদ সম্মেলনের মাধ্যমে তারা এ দাবি জানান।

জাতীয় স্বেচ্ছাসেবী আয়োজিত সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, দেশের শতকরা ৯০ ভাগ শিক্ষার্থী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা লাভ করে। অর্থাৎ শিক্ষা বাজেটের সিংহভাগ ব্যয়িত হয়। কাডেট কলেজ, মেবিন একাডেমীসহ সরকারি স্কুল ও কলেজের জন্য। তারা বলেন, গত সরকারের সময় আমরা যখন ১০০% বেতনের দাবিতে আন্দোলন করছিলাম তখন আজকের প্রধানমন্ত্রী ক্ষমতার গেলে আমাদের বেতনসহ সকল দাবি পূরণের আশ্বাস দিয়েছিলেন। আজ যদি তিনি তার ওয়াদা পালন না করেন তাহলে তার সরকারও গত সরকারের মতো ওয়াদা ভঙ্গের সোথে দুষ্ট হবেন।

সংবাদ সম্মেলনে নেতৃবৃন্দ দেশের সকল বেসরকারি স্কুলে ম্যানেজিং কমিটির প্রকৃৎ বাউল ও ৬০ বছরের অধিক ইংরেজি শিক্ষকদের চাকরির মেয়াদ বৃদ্ধিসহ রাজনৈতিক প্রভাবমুক্ত শিক্ষাসন প্রতিষ্ঠার দাবি জানান।

গতকালের এ সংবাদ সম্মেলনে সমিতির সভাপতি কাজী আবদুর রাক্কাক, মহাসচিব সেলিম হুইয়াসহ অধ্যক্ষ সাইদুর রহমান, মোহাম্মদ আলী, অধ্যক্ষ মোহাম্মদ কলিমুজ্জাহ, অধ্যক্ষ লুল-উল-বাহার প্রমুখ নেতা উপস্থিত ছিলেন।